**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/1/2026 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল পুলিশকে অর্থায়ন বন্ধ করা থামানোর জন্য এবং নিউ ইয়র্কের এখনো যে 87 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল সন্ত্রাসবিরোধী তহবিল প্রাপ্য তা দিয়ে দেওয়ার জন্য ট্রাম্প প্রশাসনের প্রতি আহ্বান জানিয়েছেন**

***ট্রাম্প প্রশাসন গত বছর বেপরোয়াভাবে নিউ ইয়র্কের সন্ত্রাসবিরোধী তহবিল 187 মিলিয়ন মার্কিন ডলার কমিয়ে দেয়***

***গভর্নর ক্যাথি হোকলের নিরলস প্রচেষ্টা ও সরাসরি যোগাযোগের পর প্রেসিডেন্ট ট্রাম্প নিউ ইয়র্কের তহবিল পুরোপুরি পুনর্বহালের প্রতিশ্রুতি দিয়েছিলেন***

***কিন্তু ট্রাম্প প্রশাসন মাত্র 100 মিলিয়ন মার্কিন ডলার পুনর্বহাল করেছে, অর্থাৎ অতি গুরুত্বপূর্ণ সন্ত্রাসবিরোধী তহবিলের 87 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্ক এখন পায়নি***

***তহবিল সরাসরি ইন্টেলিজেন্স অপারেশন, ট্রানজিট হাবের নিরাপত্তা, এবং একই সাথে কাউন্টি, শেরিফ এবং পুলিশ ডিপার্টমেন্টের জন্য সরঞ্জাম কেনা, প্রশিক্ষণ এবং প্রস্তুতির চেষ্টাকে সমর্থন করে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্কের (New York) প্রাপ্য 87 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল দিয়ে দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্কের সন্ত্রাসবিরোধী প্রচেষ্টার সম্পূর্ণ অর্থায়ন করার জন্য প্রেসিডেন্ট Trump (ট্রাম্প) এবং ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির (Department of Homeland Security, DHS) সেক্রেটারির Markwayne Mullin (মার্কওয়েন মুলিন) প্রতি আহ্বান জানিয়েছেন। গত বছর Trump (ট্রাম্প) প্রশাসন নিউ ইয়র্ক স্টেটের অতি গুরুত্বপূর্ণ সন্ত্রাসবিরোধী এবং হোমল্যান্ড সিকিউরিটির তহবিল 86 শতাংশ বা 187 মিলিয়ন মার্কিন ডলার কমিয়ে দেয়। গভর্নর Hochul (হোকল) প্রেসিডেন্ট Trump-এর (ট্রাম্প) কাছে সরাসরি আবেদন করে এই বেপরোয়া তহবিল কমানোর বিরুদ্ধে লড়াই করেছিলেন, তিনি নিউ ইয়র্ক স্টেটের তহবিল পুরোপুরি পুনর্বহাল করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। প্রায় এক বছর অপেক্ষার পরেও নিউ ইয়র্ক স্টেটের 87 মিলিয়ন মার্কিন ডলার এখনো পাওনা রয়েছে, যা স্টেটের গোয়েন্দা কার্যক্রম, ট্রানজিট হাবের নিরাপত্তা, এবং শেরিফ ও পুলিশ ডিপার্টমেন্টগুলির সরঞ্জাম, প্রশিক্ষণ, ও প্রস্তুতির জন্য প্রয়োজন।

"এই তহবিল আটকে রেখে Trump (ট্রাম্প) প্রশাসন পুলিশকে অর্থায়ন বন্ধ করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্ক স্টেট এখনো দেশের সন্ত্রাসীদের প্রধান লক্ষ্য, এবং প্রেসিডেন্ট Trump (ট্রাম্প) ও সেক্রেটারি Mullin (মুলিন) যদি সত্যিই জননিরাপত্তার ব্যাপারে

ভাবেন তাহলে তাদের উচিত এই খেলা বন্ধ করা এবং আমাদের অতি গুরুত্বপূর্ণ সন্ত্রাসবিরোধী প্রচেষ্টার সম্পূর্ণ অর্থায়ন করা।"

ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) Homeland Security Grant প্রোগ্রামের (HSGP) মাধ্যমে দেওয়া এই তহবিল স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং আঞ্চলিক হোমল্যান্ড সিকিউরিটির প্রস্তুতির চেষ্টাকে সমর্থন করে, যার মধ্যে আছে ইন্টেলিজেন্স অপারেশন, জনসমাবেশের নিরাপত্তা, পরিকল্পনা, সরঞ্জাম কেনা, এবং কমিউনিটিতে প্রতিরোধ, সুরক্ষা, সাড়াদান এবং উদ্ধার সক্ষমতা ধরে রাখা ও উন্নত করার জন্য অতি গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ। HSGP 2003 সালে 9/11-এর পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠিত হয় এবং এটি তিনটি পৃথক অনুদান নিয়ে গঠিত, যেগুলি হলো State Homeland Security প্রোগ্রাম (SHSP), Urban Areas Security ইনিশিয়েটিভ (UASI) এবং Operation Stonegarden। SHSP এবং UASI-এর অধীনে 80 শতাংশ তহবিল স্থানীয় সত্তাগুলিকে দেওয়া হয় এবং 20 শতাংশ স্টেটের প্রজেক্টের জন্য সংরক্ষিত রাখা হয়। নিউ ইয়র্ক স্টেট তাদের SHSP এবং UASI উভয় বরাদ্দ কমতে দেখেছে।

2025 সালে অনেক বিলম্বের পর, DHS HSGP-এর জন্য 2025 নোটিশ অফ ফান্ডিং অপরচুনিটি (Notice of Funding Opportunity) প্রকাশ করে, যা স্টেটগুলিকে এই অতি গুরুত্বপূর্ণ তহবিলের অ্যাক্সেস দেয়। তবে, দেশে সন্ত্রাসীদের এক নম্বর লক্ষ্য হওয়া সত্ত্বেও, নিউ ইয়র্কের বরাদ্দ 40 শতাংশ (87 মিলিয়ন মার্কিন ডলার) কমিয়ে দেওয়া হয়। এরপর, কোনো নোটিশ বা ব্যাখ্যা ছাড়াই, 27 সেপ্টেম্বর, 2025 তারিখে DHS অনুদান ঘোষণা করার সময় নিউ ইয়র্কের বরাদ্দ আরো 100 মিলিয়ন মার্কিন ডলার কমিয়ে দেয়। গভর্নর Hochul-এর (হোকল) নিরলস প্রচেষ্টার পর, প্রেসিডেন্ট Trump (ট্রাম্প) 2025 সালের অক্টোবর মাসে এই ভুল সিদ্ধান্তে নেওয়া কাটছাঁটগুলি প্রত্যাহার করার প্রতিশ্রুতি দেন, তখন তিনি Truth Social-এ বলেন, "...আমি নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং সন্ত্রাসবিরোধী উদ্যোগে করা কাটছাঁটগুলো প্রত্যাহার করেছি বলে জানাতে পেরে আনন্দিত। এটি করতে পেরে আমি সম্মানিত। এই বিষয়ে আপনার মনোযোগের জন্য ধন্যবাদ!" প্রায় এক বছর পর, একজন ফেডারেল বিচারকের আদেশের পর নিউ ইয়র্ক স্টেট পাওনা অর্থের মধ্যে মাত্র 100 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে, এবং প্রায় 87 মিলিয়ন মার্কিন ডলার এখনো বকেয়া রয়েছে।

বিশেষ করে, অবশিষ্ট 87 মিলিয়ন মার্কিন ডলার নিম্নলিখিত ক্ষেত্রে পূর্ণ অর্থায়ন নিশ্চিত করবে:

- নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (New York City Police Department, NYPD) গোয়েন্দা বিশ্লেষক এবং সন্ত্রাসবিরোধী ইউনিট;
- নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্টের (New York City Fire Department, FDNY) ইন্টারঅপারেবল যোগাযোগ এবং রেডিওলজিক্যাল সাড়াদান সক্ষমতা;
- জয়েন্ট টাস্ক ফোর্স এম্পায়ার শিল্ড (Empire Shield), যা ট্রানজিট হাবগুলিতে নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের (New York National Guard) উপস্থিতির দায়িত্বে আছে;
- নিউ ইয়র্ক স্টেটের 12টি প্রত্যয়িত বোমা স্কোয়াড; এবং
- কাউন্টি, শেরিফ এবং স্থানীয় পুলিশ বিভাগের জন্য সরঞ্জাম কেনা, প্রশিক্ষণ, মহড়া এবং প্রস্তুতিমূলক কার্যক্রম।

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) কমিশনার Terry O'Leary (টেরি ও'লিয়ারি) বলেন,** "গভর্নর Hochul (হোকল) স্টেটের জরুরি প্রস্তুতি এবং সন্ত্রাসবিরোধী প্রচেষ্টায় রেকর্ড পরিমাণ বিনিয়োগ করেছেন, কিন্তু নিউ ইয়র্ক স্টেট একা এটি করতে পারে না। সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে আমাদের ফেডারেল পার্টনারদের প্রতিশ্রুতি স্টেটের প্রস্তুতিমূলক সক্ষমতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং এই প্রচেষ্টাগুলির সম্পূর্ণ অর্থায়নে আরো বিলম্ব সকল নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ও সুরক্ষাকে ঝুঁকির মধ্যে ফেলছে।"

**নিউ ইয়র্ক সিটির ইমার্জেন্সি ম্যানেজমেন্ট কমিশনার Christina Farrell ( ক্রিস্টিনা ফ্যারেল) বলেন,** "সন্ত্রাসবিরোধী তহবিল এই কাজের একটি গুরুত্বপূর্ণ অংশ, যা গোয়েন্দা কার্যক্রম, প্রশিক্ষণ, পরিকল্পনা এবং সমন্বয়ে সাহায্য করে এবং পুরো সিটিতে আমাদের জরুরি প্রস্তুতিকে আরো শক্তিশালী করে। নিউ ইয়র্ক সিটি বারবার প্রমাণ করেছে যে আমরা পরিস্থিতির মোকাবেলার জন্য প্রস্তুত, এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে প্রয়োজনীয় সংস্থান সরবরাহ করে আমাদের ফেডারেল পার্টনারদেরকে তাদের প্রতিশ্রুতি রক্ষা করতে হবে।"

নিউ ইয়র্ক স্টেট এখনো দেশে সন্ত্রাসীদের এক নম্বর লক্ষ্য এবং মাত্রই তারা FIFA ওয়ার্ল্ড কাপ (FIFA World Cup), ইন্টারন্যাশনাল নেভাল রিভিউ (International Naval Review), আমেরিকা 250 (America 250) উদযাপন, এবং New York Knicks-এর চ্যাম্পিয়নশিপ রান ও প্যারেড সহ ব্যাপক জনসমাগমের এক ঐতিহাসিক গ্রীষ্ম পার করেছে। এর ফলে সকল নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে স্টেট ও সিটি কর্মকর্তাদের সমন্বয়ে নজিরবিহীন নিরাপত্তা ও সুরক্ষা প্রস্তুতি গ্রহণ করতে হয়েছে। ফেডারেল সরকার যদি স্টেটের সন্ত্রাসবিরোধী প্রচেষ্টায় সম্পূর্ণ অর্থায়ন করতে অস্বীকার করে, তাহলে ভবিষ্যৎ পরিকল্পনা, সমন্বয় এবং নিরাপত্তা ঝুঁকির মুখে পড়বে।

**UASI তহবিল কমানো**

নিউ ইয়র্কে UASI তহবিল নিউ ইয়র্ক সিটির মেট্রোপলিটন এলাকার জুরিসডিকশনের জন্য সংরক্ষিত রাখা হয় যাতে অতি গুরুত্বপূর্ণ সন্ত্রাসবিরোধী এবং ইন্টেলিজেন্স শেয়ার করার প্রোগ্রামকে টিকিয়ে রাখা ও উন্নত করা যায়। নিউ ইয়র্কের আর্বান এরিয়া ওয়ার্কিং গ্রুপ (Urban Area Working Group, UAWG) নির্ধারণ করে কোথায় বরাদ্দ দেওয়া হবে, যা নিউ ইয়র্ক সিটি, নাসাউ (Nassau) কাউন্টি, সাফোক (Suffolk) কাউন্টি, ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টি, ইয়োঙ্কার্স (Yonkers) সিটি এবং পোর্ট অথোরিটি অফ নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey) নিয়ে গঠিত।

UAWG সদস্য অনুযায়ী আনুমানিক UASI কমেছে:

| | |
|---|---|
| ইয়োঙ্কার্স সিটি | -947,959 মার্কিন ডলার |
| নাসাউ কাউন্টি | -947,959 মার্কিন ডলার |

| | |
|---|---|
| নিউ ইয়র্ক সিটি | -55,671,592 মার্কিন ডলার |
| পোর্ট অথোরিটি (Port Authority) | -3,814,724 ডলার |
| সাফোক কাউন্টি | -947.959 ডলার |
| ওয়েস্টচেস্টার কাউন্টি | -947.959 ডলার |
| **মোট** | **-63,278,152 ডলার** |

**SHSP তহবিল কমানো**

নিউ ইয়র্কে SHSP তহবিল প্রতিটি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিকে দেওয়া হয় যাতে পরিকল্পনা, সরঞ্জাম কেনা, ট্রেনিং, এবং অন্যান্য হোমল্যান্ড সিকিউরিটি উদ্যোগকে সমর্থন করা যায়। তহবিল বিতরণ করা হয় ফর্মুলা অনুযায়ী এবং নিশ্চিত করা হয় যাতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কাউন্টিতে তহবিল যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।